

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯১৮

পরিচ্ছেদঃ যবাহের পূর্বে মাথা মুণ্ডন বা কঙ্কর মারার পূর্বে যবাহ করে ফেললে।

باب مَا جَاءَ فِيمَنْ حَلَقَ قَبْلَ أَنْ يَذْبَحَ أَقْ نَحَرَ قَبْلَ أَنْ يَرْمِيَ

### আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَخْزُومِيُّ، وَابْنُ أَبِي عُمَرَ، قَالاَ حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُييْنَةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو، أَنَّ رَجُلاً، سَأَلَ رَسُولَ اللَّهِ عَنِ الزُّهْرِيِّ، عَنْ عِيسَى بْنِ طَلْحَةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو، أَنَّ رَجُلاً، سَأَلَ رَسُولَ اللَّهِ صَلَى الله عليه وسلم فَقَالَ حَلَقْتُ قَبْلَ أَنْ أَذْبَحَ فَقَالَ " اذْبَحْ وَلاَ حَرَجَ " . وَسَأَلَهُ آخَرُ فَقَالَ نَحَرْتُ قَبْلَ أَنْ أَرْمِي قَالَ " ارْمِ وَلاَ حَرَجَ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِي وَجَابِرٍ وَابْنِ عَبَّاسٍ وَابْنِ عُمَرَ وَأُسَامَةَ بْنِ شَرِيكٍ . قَالَ أَبُو عِيسَى حَديثُ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ وحَديثُ عَبْلَ أَنْ أَرْمِي قَالَ " ارْمِ وَلاَ تَرْجَ أَهْلِ الْعِلْمِ وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ عَنْ عَلْي هَذَا عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِذَا قَدَّمَ نُسُكًا قَبْلَ نُسُكِ فَعَلَيْهِ دَمٌ .

#### বাংলা

৯১৮. সাঈদ ইবনু আবদির রহমানস মাখযূমী ও ইবনু আবী উমার (রহঃ) .... আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) থেকে যে, এক ব্যক্তি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞাসা করল, আমি যবাহ করার আগে মাথা মুন্ডন করে ফেলেছি? তিনি বললেনঃ যবাহ করে ফেল। এতে কোন দোষ নাই। অন্য একজনে জিজ্ঞাসা করল কন্ধর মারার আগে আমি কুরবানী করে ফেলেছি। তিনি বললেন, কন্ধর মেরে নাও, এতে কোন দোষ নাই। - ইবনু মাজাহ ৩০৫১, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৯১৬ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী, জাবির, ইবনু উমার ও উসামা ইবনু শরীক (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেনঃ আবদুল্লাহ ইবনু আমর বর্ণিত হাদিসটি হাসান-সহীহ্। অধিকাংশ আলিমের এতদনুসারে আমল রয়েছে। এ হলো ইমাম আহমদ ও ইসহাক (রহঃ) -এর অভিমত। কিছু সংখ্যক আলিম বলেন, হজ্জ পালন করার ক্ষেত্র কোন আমলকে অন্য আমলের অগ্রে করে ফেললে তাকে দম (পশু কুরবানী) দিতে হবে।

## **English**



#### Abdullah bin Amr narrated:

"A man asked the Messenger of Allah: 'I shaved before slaughtering.' So he said: 'Slaughter, and there is no harm.' Another man asked him: 'I performed the sacrifice before stoning.' He said: 'Stone, and there is no harm.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন